

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ১০৮


তারিখঃ ২৫/০৩/১৯শ্রিঃ

বিষয়ঃ কর্মসূচির কর্মকর্তা/কর্মচারীদের স্থগিতকৃত বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের মেয়াদ বিগত ৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে। বর্তমানে প্রকল্পটি আকারে চলমান রয়েছে এবং সম্পূর্ণ নিজস্ব আয় হতে বিদ্যমান কর্মকর্তা-কর্মচারীর বেতনভাতাসহ অন্যান্য ব্যয় নির্বাহ করা হয়। প্রকল্প মেয়াদে যে সকল কর্মকর্তা/কর্মচারীর কার্যক্রম পরিচালনায় সন্তোষজনক অগ্রগতি ছিল না তাদের আংশিক বেতন-ভাতা স্থগিত রাখা হয়েছে এবং পরবর্তীতে যাদের কার্যক্রম কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত হয়েছে তাদের বেতন-ভাতা স্থগিত আদেশ প্রত্যাহার/ শূন্য (০) করা হয়েছে। যে সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা স্থগিত আদেশ প্রত্যাহার/ শূন্য (০) করা হয়েছে শুধুমাত্র তাদের স্থগিতকৃত বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে আপনার সুপারিশসহ মতামত প্রয়োজনঃ

- ক) বর্তমান কার্যক্রম সংক্রান্ত তথ্য (সন্তোষজনক/অসন্তোষজনক) ;
- খ) কর্মকালীন কোন অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ রয়েছে কিনা তার তথ্য;
- গ) হস্তমজুদ/আল্লাসাত সংক্রান্ত তথ্য;
- ঘ) তাঁর কর্মক্ষেত্র/ব্লকভূক্ত সমিতির খেলাপি ঋণ আদায়ে/সাপ্তাহিক বিশেষ অভিযানে অংশগ্রহনসহ খেলাপি ঋণ আদায়ে তৎপরতা/পারদর্শিতা।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে সুপারিশসহ মতামত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি (কর্মসূচিভূক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, (কর্মসূচিভূক্ত সংশ্লিষ্ট জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, (কর্মসূচিভূক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৬. অফিস নথি/গার্ড ফাইল।